



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২৩.১০১৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০  
০৩ জুলাই ২০২৩

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : পাথরঘাটা পৌরসভার স্মারক পাথর-পৌর/২০২৩/১২০, তারিখ: ২৩ মে ২০২৩।

বরগুনা জেলার পাথরঘাটা পৌরসভার পৌরসভার ০২ নং ওয়ার্ডের কাউন্সিলর পদে দায়িত্ব পালনকালীন আপনি গত ৩১ অক্টোবর ২০২২ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে ৬০(ষাট) দিনের বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে ইতালী গমন করেন। এর পর হতে আপনি দেশে প্রত্যাবর্তন করেননি এবং একাধারে পৌরসভার পরিষদের পর পর ৫(পাঁচ)টি সভায় অনুপস্থিত রয়েছেন মর্মে উক্ত পৌরসভা হতে অবহিত করা হয়েছে।

২। উল্লেখ্য, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপ-ধারা (১)-এ উল্লেখ রয়েছে:


৩২। মেয়র ও কাউন্সিলর অপসারণ: (১) মেয়র অথবা কাউন্সিলর তাহার নিজ পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি—  
(ক) পৌরসভার প্রাপ্তি সত্ত্বেও যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন।

(খ) অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হন;

ব্যাখ্যা: এই উপ-ধারায় বর্ণিত 'অসদাচরণ' বলিতে ক্ষমতার অপব্যবহার, ধারা ২৮ অনুযায়ী সম্পত্তি সম্পর্কিত ঘোষণা প্রদান না করা কিংবা অসত্য হলফনামা দাখিল করা, এবং বিধি-নিষেধ পরিপন্থী কার্যকলাপ, দুর্নীতি, অসদুপায়ে ব্যক্তিগত সুবিধা গ্রহণ, পক্ষপাতিত্ব, স্বজনপ্রীতি, ইচ্ছাকৃত অপশাসন ইত্যাদি বুঝাইবে।

৩। এমতাবস্থায়, পৌরসভার পরিষদের পর পর ৫টি সভায় অনুপস্থিত থাকা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিদেশে অবস্থানের দায়ে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপ-ধারা (১)(ক), (খ) কেন আপনাকে কাউন্সিলর পদ হতে অপসারণ করা হবে না, এ বিষয়ে আত্মপক্ষ সমর্থনে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ স্মারকের ছায়ালিপি।

  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

জনাব রোকনুজ্জামান রুকু

পিতা: মোঃ বেলায়েত হোসেন

৩৫২, ইমাম আলী রোড

কাউন্সিলর, ০২ নং সাধারণ ওয়ার্ড

পাথরঘাটা পৌরসভা, বরগুনা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, পাথরঘাটা পৌরসভা, বরগুনা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)